# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং- ৩৫ তারিখ: ১৫/০২/২০২৩ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রি (পাস) ২য় বর্ষ নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট, অকৃতকার্য, মানোন্নয়ন, **Conditional Promoted** প্রাপ্ত ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| কোর্সের নাম | | পরীক্ষার ফি | ৩য় বর্ষ প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফি (৩৫০+৩৫০+২০০ ) | মোট | ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ |
|---|---|---|---|---|---|
| বিএ/বিএসএস/বিএসসি /বিবিএস (পাস)/ সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ | ০১। নিয়মিত (সকল বিষয়) | ১৩০০/- | ৯০০/- | ২২০০/- | অনলাইনে ফরম পূরণের তারিখ: ১৬/০২/২০২৩ তারিখ হতে ২৬/০২/২০২৩ তারিখ পর্যন্ত। |
| | ০২। অনিয়মিত (সকল বিষয়) | ১৫০০/- | ৯০০/- | ২৪০০/- | |
| | ০৩। প্রাইভেট (সকল বিষয়) | ১৫০০/- | ২০০/- | ১৭০০/- | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখ: ২৩/০২/২০২৩ তারিখ হতে ২৮/০২/২০২৩ তারিখ পর্যন্ত। |
| | ০৪। সার্টিফিকেট কোর্স | ১০০০/- | ২০০/- | ১২০০/- | |
| | ০৫। মানোন্নয়ন/অকৃতকার্য ০১ পত্র | ৯০০/- | | | পরীক্ষার আবেদন ফরম ও ফি প্রদানের রশিদ কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ: বিবিএস (পাস)-০১/০৩/২০২৩, বিএসএস (পাস)- ০২/০৩/২০২৩, বি.এ (পাস)- ০৫/০৩/২০২৩, বি.এসসি(পাস)- ০৬/০৩/২০২৩। |
| | ০৬। মানোন্নয়ন/ অকৃতকার্য ০২ পত্র | ১০০০/- | | | |
| | ০৭। মানোন্নয়ন/ অকৃতকার্য ০৩ পত্র | ১১০০/- | | | |
| | ০৮। মানোন্নয়ন/অকৃতকার্য ০৪ পত্র | ১২০০/- | | | |
| | ০৯। মানোন্নয়ন/অকৃতকার্য ০৫ পত্র | ১৩০০/- | | | |

বি.দ্র.: ১ম বর্ষ থেকে ২য় বর্ষে **Conditional Promoted** প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি-১০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

১। ফরমপূরণের নিয়মাবলী : ২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ১৬/০২/২০২৩ তারিখ হতে ২৬/০২/২০২৩ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডের গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। মানোন্নয়ন/অকৃতকার্য বিষয়ে ফরম পূরণের ক্ষেত্রে কলেজ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইট https://chandpurcollege.eshiksaems.com/ এ প্রবেশ করে **ID: cgestudent, Password: cgestudent** দিয়ে লগইন করে **Improvement Form Fill-up**-এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে **View Charge and Course Detail** -এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করলে বিকাশ বা নগদ অ্যাপস এর মাধ্যমে ফি জমা দিতে পারবে।

৩। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০২০ সালের ডিগ্রি পাস -২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা **Not Promoted** হয়ে ২০২১ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে **Education Fee** (এডুকেশন ফি) অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month- February 23 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ২৩/০২/২০২৩ তারিখ হতে ২৮/০২/২০২৩ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: (i) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০২০ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। (iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (i) ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০১৮, ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯,২০১৮,২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted**) হয়েছে কিন্তু ২০১৯,২০১৮ ও ২০১৭ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (**Promoted-C**) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

(গ) অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: (i) ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮,২০১৬-২০১৭ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৯, ২০১৮,২০১৭ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০১৯,২০১৮ ও ২০১৭ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে **Not Promoted** হয়েছে বা কোনো পত্রে/ কোর্সে **F** গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বার অংশগ্রহণ করে কোনো পত্রে/ কোর্সে **C/D** গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ ২টি কোর্সে/ পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা: (i) ২০২০, ২০১৯,২০১৮,২০১৭ ও ২০১৬ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০২০, ২০১৯,২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে **Promoted** হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

সিলেবাস : ২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১৫/২/২০২৩

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

প্রফেসর অসিত বরন দাশ
অধ্যক্ষ (৩১২৮)
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েব সাইট: **www.chandpurcollege.edu.bd**
৪। অফিস নথি।

১৫/২/২০২৩